

💵 মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ৪১

মুসনাদে আবু বকর সিদ্দিক (রাঃ) [আবু বকরের বর্ণিত হাদীস] (مسند أبي بكر)

আরবী

حَدَّثَنَا أَسْوَدُ بْنُ عَامِرٍ، حَدَّثَنَا إِسْرَائِيلُ، عَنْ جَابِرٍ، عَنْ عَامِرٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبْزَى عَنْ أَبِي بَكْرٍ، قَالَ: كُنْتُ عِنْدَ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ جَالِسًا، فَجَاءَ مَاعِزُ بْنُ مَالِكٍ عَنْ أَبِي بَكْرٍ، قَالَ: فَرَدَّهُ، ثُمَّ جَاءَهُ فَاعْتَرَفَ الثَّالِثَةَ فَرَدَّهُ، ثُمَّ جَاءَهُ فَاعْتَرَفَ الثَّالِثَةَ فَرَدَّهُ، فَقُلْتُ لَهُ: إِنَّكَ إِنِ اعْتَرَفْتَ الرَّابِعَةَ رَجَمَكَ، قَالَ: فَاعْتَرَفَ الرَّابِعَة، فَحَبَسَهُ، ثُمَّ سَأَلَ عَنْهُ، فَقَالُوا: مَا نَعْلَمُ إِلَّا خَيْرًا، قَالَ: فَأَمَرَ بِرَجْمِهِ

صحيح لغيره، وهذا إسناد ضعيف لضعف جابر _ وهو ابن يزيد الجُعفي

إسرائيل: هو ابن يونس بن أبي إسحاق السبيعي، وعامر: هو ابن شراحيل الشعبي

وأخرجه ابن أبي شيبة 10 / 72، والبزار (55) ، والمروزي (79) و (80) ، وأبو يعلى (40) و (41) من طرق عن إسرائيل، بهذا الإسناد. بعضهم رواه مختصراً

وفي الباب عن بريدة عند مسلم (1695) وأبي داود (4434) و (4434) ، وعن جابر بن سمرة عند مسلم (1692) ، وعن أبي هريرة عند البخاري (6815) و (6825) ، ومسلم (1691) (16) ، والترمذي (1428) ، وعن أبي سعيد الخدري عند مسلم (1694) ، وعن ابن عباس عند مسلم أيضاً (1693) ، والترمذي (1427) ، وأبي داود (4426) و (4426) .

(1) تحرف في (م) إلى: " أبو الوليد بن مسلم



৪১। আবু বাকর (রাঃ) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লামের নিকট বসা ছিলাম। সহসা মায়েয বিন মালিক এল এবং (ব্যভিচার করেছে বলে) স্বীকারোক্তি করলো। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তাকে ফেরত পাঠালেন। তারপর সে পুনরায় এল এবং দ্বিতীয়বার স্বীকারোক্তি করলো। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম পুনরায় তাকে ফেরত পাঠালেন। তারপর সে পুনরায় এল এবং তৃতীয়বার স্বীকারোক্তি করলো। আমি মায়েযকে বললামঃ তুমি যদি চতুর্থবার স্বীকারোক্তি কর, তাহলে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তোমাকে রজম করবেন। (পাথর মেরে হত্যা করবেন।) এরপর সে চতুর্থবার স্বীকারোক্তি করলো। এবার রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তাকে আটক করলেন। তারপর (উপস্থিত সাহাবীদেরকে) মায়েযের চরিত্র সম্পর্কে জিজ্ঞেস করলেন। তারা বললোঃ (ওর সম্পর্কে) আমরা ভালো ছাড়া অন্য কিছু জানি না। (অর্থাৎ সাধারণভাবে ওর চরিত্র ভালো।)। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তাকে রজম করার আদেশ দিলেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন